

সাউথ ইস্ট নেইবারহুড সেন্টার, ইস্টলেব্র
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৩ উদযাপিত
আশরাফুর রাহমান

“অমর ২১সে ফেব্রুয়ারি” তথা “আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” উপলক্ষে সাউথ ইস্ট নেইবারহুড সেন্টার গত বৃহস্পতিবার ২১সে ফেব্রুয়ারি ২০১৩ তারিখে ইস্টলেব্র শপিং সেন্টারে আয়োজন করেছিলো এক বর্ণাঢ্য অনুষ্ঠান। লা-পেরুস থেকে আগত অ্যাবরিজিন্যাল প্রতিনিধি আনটি বারবারা কিইলি উপস্থিত সকলকে “Welcome to the



স্বরচিত কবিতা পাঠ করছেন জনাব আজাদ আলম।

Country” এর মাধ্যমে সকাল ১০.৩০ মিনিটে অনুষ্ঠানটির উদ্বোধন করেন। এরপর ম্যাসকটবাসী শ্রদ্ধেয় আজাদ আলম ভাই স্বরচিত কবিতা পাঠ করেন। সেসময় বোটানি বে’ কাউন্সিলের মেয়র বেন কেনেলী উপস্থিত হন। তিনি স্বভাবসুলভ আন্তরিকতায় সকলের উদ্দেশ্যে নিজ নিজ মাতৃভাষার চর্চার গুরুত্ব আরোপ করেন। এরপর মারুবা জাংসন নেইবারহুড সেন্টারের অ্যাবরিজিন্যাল কর্মী ক্যাটরিনারস অস্ট্রেলিয়ার আদিবাসীদের ভাষার পরিসংখ্যান তুলে ধরেন। তিনি জানান যে, প্রায় তিনশতাধিক আদিভাষা অস্ট্রেলিয়ায় তিনশত বছর আগেও বিদ্যমান ছিল। কিন্তু বর্তমানে একশো-পয়তাল্লিসটি আদিভাষা রয়েছে যার মধ্যে একশোরও বেশী ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। এরপর ভারতীও অভিবাসী ভিজয়া লক্ষ্মী তেলেগু ভাষায় কবিতা আবৃত্তি এবং সঙ্গীত পরিবেশন করেন। এরপর চৈনিক ভাষার

গুরুত্ব নিয়ে চাইনিজ গান-অপেরা-কবিতা দিয়ে দর্শকদের আনন্দ দেন আলেক্সেন্দ্রিয়ার সাউথ সিডনী কম্যুনিটি এইড। এরপর ইস্টলেব্রবাসী শ্রদ্ধেয় রানা ভাই স্বরচিত দুটি গান পরিবেশন করেন। তিনি পুরো অনুষ্ঠানটির ভিডিও চিত্রও ধারণ করেছিলেন। এরপর ইন্দোনেশিয়ান ওয়েলফেয়ার এ্যাসোসিয়েশন তাঁদের নিজ ভাষায় দুটি কবিতা আবৃত্তি করেন। সাউথ ইস্ট নেইবারহুড সেন্টারের চেয়ার-পারসন ডেনিষ ওয়াসলি সকলের উদ্দেশ্যে মাতৃভাষা দিবসের শুভেচ্ছা বক্তব্য রাখেন। সেসময় উপস্থিত হন বাংলাদেশ হাই কমিশনের নিউ সাউথ ওয়েলসের মাননীয় কন্সাল জেনারেল জনাব এন্টনি খউরি। বাংলাদেশ হাই কমিশনের মান্যবর প্রতিনিধি হিসেবে তিনি বক্তব্য রাখেন এবং সেই সাথে সাউথ ইস্ট নেইবারহুড সেন্টারের এই উদ্যোগকে স্বাগত ও অভিনন্দন জানান। ভারতীয় উচ্চাঙ্গ সংগীত শিল্পী এবং এস ইউ ভি মিউজিক একাডেমী’র কর্ণধার শ্বেতা ভার্মা তার শৈল্পিক উপস্থাপনায় হিন্দি ভাষায় তিনটি গান পরিবেশন করেন। এরপর ইস্টলেব্র পাবলিক স্কুলের বাঙ্গালী ছাত্র-ছাত্রীবৃন্দ ’৫২র ভাষা আন্দোলনের চিত্রটি ছোট নাটিকার মাধ্যমে তুলে ধরে। তাঁদের সাথে কণ্ঠ মিলিয়ে আগত সবাই অমর একুশের গানটি গান। পুরো শপিং সেন্টারের সবাই অবাক বিস্ময়ে বিষয়টি উপভোগ করছিলো। এরপর ম্যাট্রাভিল সোলজারস’ সেটেলমেন্ট পাবলিক স্কুলের ৬৫জন ছাত্রছাত্রী অ্যাবরিজিন্যাল ভাষায় অস্ট্রেলিয়ার জাতীয় সংগীত “অ্যাডভান্স অস্ট্রেলিয়া ফেয়ার” সহ তিনটি গান (কোরাস) পরিবেশন করে। তাঁদের সুনিপুণ পরিবেশনায় দর্শকবৃন্দসহ মার্কেটে আগত সকলে বিস্ময়ে অভিভূত। ম্যাট্রাভিল পাবলিক স্কুলের শিক্ষিকা সামসিয়া সোলায়মান অনুষ্ঠানটি উপভোগ করতে এসে সকলের অনুরোধে কয়েকটি বাংলা গান পরিবেশন করেন। সেসময় উপস্থিত দর্শকদের মাঝ থেকে সকল বাঙ্গালীরা তাঁর সাথে কণ্ঠ মেলান। অনুষ্ঠান চলাকালীন শিশুদের জন্য শহীদ মিনারের ছবি দিয়ে “ক্র্যাফট এন্টিভিটি” করা হয়। ইস্টলেব্রের বাঙ্গালী বিউটিশিয়ান ফারজানা চৌধুরী সুমি সবার হাতে মেহদি



বোটানি বে’ কাউন্সিলের মেয়র বেন কেনেলী বক্তব্য রাখছেন।

পরান। অনুষ্ঠানটির জন্য ইয়েলো প্রিন্টিং প্রেস তথা বাংলা-বার্তা একটি চমৎকার ব্যানার দিয়ে সহযোগিতা করেন। বেঙ্গল বুদ্ধিস্ট এসোসিয়েশনের পক্ষে নিতিশ বড়ুয়াও তাঁদের ব্যানার নিয়ে আসেন। সাউথ ইস্ট নেইবারহুড সেন্টার কৃতজ্ঞচিত্তে সকল অংশগ্রহণকারীদেরকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানটি বেলা একটায় সমাপ্তি ঘোষণা করা হয়। সাউথ ইস্ট নেইবারহুড সেন্টার সকল স্বেচ্ছাসেবকদেরকে প্রতি আন্তরিক কৃতজ্ঞতাবদ্ধ যারা অনুষ্ঠানটি সফলতার জন্য নিঃস্বার্থভাবে কাজ করেছেন।



ম্যাট্রাভিল সোলজারস'
সেটেলমেন্ট পাবলিক স্কুলের
ছাত্রছাত্রীদের পরিবেশনার অংশ।

ম্যাট্রাভিল পাবলিক
স্কুলের শিক্ষিকা সামসিয়া
সোলায়মান অনুষ্ঠানটি
উপভোগ করতে এসে
সকলের অনুরোধে

